

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ  
গেজেট  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ঔষধ প্রশাসন অনুবিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ ১৪২৮/২৪ এপ্রিল ২০২১

নং ৪৫.০০.০০০০.১৮২.৮৯.০০১.২১.৯৩—কোভিড-১৯ অতিমারি নিয়ন্ত্রণকল্পে ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান রাখার স্বার্থে জাতীয় ঔষধ নীতি-২০১৬ এর অনুচ্ছেদ-৪.২ (খ) এবং গত ১৭-০৫-২০২০ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্বাস্থ্য সেবা বিভাগের ১৩-০৫-২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০১৭.০৮-১১০ নং প্রজ্ঞাপন এর ধারাবাহিকতায় কোভিড-১৯ ভ্যাকসিন সনদ Emergency Use Authorization (EUA)/NOC প্রদানের ক্ষেত্রে উক্ত ভ্যাকসিনটি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, জার্মানি, ফ্রান্স, অস্ট্রেলিয়া, জাপান, European Medicines Agency (EMA), WHO কর্তৃক EUA/EUL হতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে ভ্যাকসিনটি ঔষধ, ভ্যাকসিন, ইনভেস্টিগেশনাল ড্রাগ এবং মেডিকেল ডিভাইস পাবলিক হেলথ ইমার্জেন্সি কমিটি কর্তৃক ডোসিয়ার (ক্লিনিক্যাল ও সিএমসি ডাটা) মূল্যায়নপূর্বক উপরোল্লিখিত ড্রাগ রেগুলেটরি অথরিটি/অর্গানাইজেশন ছাড়াও অন্যান্য দেশের ড্রাগ রেগুলেটরি অথরিটি কর্তৃক EUA প্রাপ্ত কোভিড-১৯ ভ্যাকসিনসমূহ লাইসেন্সিং অথরিটি হিসেবে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে প্রয়োজনীয় ক্ষেত্রে Emergency Use Authorization (EUA)/NOC প্রদানের জন্য এতদ্বারা অনুমোদন প্রদান করা হলো।

( ৮৪৭৩ )

মূল্য : টাকা ৪.০০

০২। এক্ষেত্রে বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে Emergency Use Authorization (EUA)/NOC প্রদান করতে হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ এনামুল হক

অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন)।